মুহাম্মদ আবু ইউসুফ
চিফ ইন্সট্রাক্টর (নন-টেক), গণিত
ময়মনসিংহ পলিটেকনিক ইন্সটিটিউট

ম্যাথমেটিক্স-১

বিষয় কোড ঃ ২৫৯১১

১ম পর্ব

সকল টেকনোলজি

২য় অধ্যায়

নির্ণায়ক

(Determinant)

* এই অধ্যায় থেকে আমরা জানতে পারব ঃ

ক. নির্ণায়ক এর সংজ্ঞা

খ. নির্ণায়কের বিস্তৃতি

গ. অনুরাশি ও সহগুণক এর সংজ্ঞা

ঘ. নির্ণায়কের সাহায্যে একঘাত সমীকরণ জোটের সমাধান

১.১ নির্ণায়ক(Determinant)ঃ কতকগুলো রাশি বা পদকে দুটি খাড়া রেখার বন্ধনীর মধ্যে নির্দিষ্ট নিয়মে সমান সংখ্যক কলাম ও সারিতে বর্গাকৃতি উপায়ে সাজানো হলে যে বিন্যাসটি পাওয়া যায়, তাকে নির্ণায়ক বলে। কোন নির্ণায়কের সারি বা কলাম সংখ্যাই হবে

এর ক্রমের মান। যে সমস্ত পদ বা রাশি নিয়ে নির্ণায়ক গঠিত তাকে এর উপাদান বলে। যেমন,

$$\begin{vmatrix} a_1 & b_1 \\ a_2 & b_2 \end{vmatrix}$$

উপাদানগুলোর অনুভূমিক (horizontal) বিন্যাসকে সারি ও উলম্ব

নির্ণায়ক একটি বিশেষ আকারে লিখিত নির্দিষ্ট এক প্রকারের রাশি।

১.২ নির্ণায়কের বিস্তৃতি (Expasion of determinant)ঃ

$$\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix} = a_1 \begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix} - b_1 \begin{vmatrix} a_2 & c_2 \\ a_3 & c_3 \end{vmatrix} + c_1 \begin{vmatrix} a_2 & b_2 \\ a_3 & b_3 \end{vmatrix}$$

$$= a_1\left(b_2c_3 - b_3c_2\right) - b_1\left(a_2c_3 - a_3c_2\right) + c_1\left(a_2b_3 - a_3b_2\right)$$

$$= \left(a_1b_2c_3 + a_2b_3c_1 + a_3b_1c_2\right) - \left(a_1b_3c_2 + a_2b_1c_3 + a_3b_2c_1\right)$$

* ১.৩.১ অনুরাশি(Minor)ঃ নির্ণায়কের কোন একটি উপাদানের কলাম ও সারির উপদানগুলো বাদ দিলে বাকি উপদানগুলো দ্বারা গঠিত যে নির্ণায়কটি পাওয়া যায়, তাকে ঐ উপাদানের অনুরাশি বলে।

যেমন, $$D=\begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$$

এই নির্ণায়কে a_1 এর অনুরাশি $\begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix} = (b_2c_3 - b_3c_2),$

এই নির্ণায়কে b_1 এর অনুরাশি $\begin{vmatrix} a_2 & c_2 \\ a_3 & c_3 \end{vmatrix} = (a_2c_3 - a_3c_2),$

এই নির্ণায়কে c_1 এর অনুরাশি $\begin{vmatrix} a_2 & b_2 \\ a_3 & b_3 \end{vmatrix} = (a_2b_3 - a_3b_2)$

*১.৩.২সহগুণক(Co-factor)ঃ একটি নির্ণায়ককে বিস্তৃতি করলে কোন

উপাদানের সহগকে এর সহগুণক বলা হয়।

অন্যভাবে বলা যায় যে, কোন উপদানের অনুরাশির পূর্বে

যথাযোগ্য চিহ্ন বসালে একে উক্ত উপাদানটির সহগুণক বলা হয়।

যেমন, $$D = \begin{vmatrix} a_1 & b_1 & c_1 \\ a_2 & b_2 & c_2 \\ a_3 & b_3 & c_3 \end{vmatrix}$$

এই নির্ণায়কে a_1 এর সহগুণক $= +\begin{vmatrix} b_2 & c_2 \\ b_3 & c_3 \end{vmatrix} = +(b_2c_3 - b_3c_2)$

b_1 এরসহগুণক $= -\begin{vmatrix} a_2 & c_2 \\ a_3 & c_3 \end{vmatrix} = -(a_2c_3 - a_3c_2)$

c_1 এর সহগুণক $+\begin{vmatrix} a_2 & b_2 \\ a_3 & b_3 \end{vmatrix} = +(a_2b_3 - a_3b_2)$

সংক্ষিপ্ত ও রচনামূলক প্রশ্নাবলি

প্রশ্ন ২ ঃ প্রমাণ কর যে, $\begin{vmatrix} a & b & c \\ a^2 & b^2 & c^2 \\ b+c & c+a & a+b \end{vmatrix} = (a+b+c)(a-b)(b-c)(c-a)$

সমাধান ঃ

বামপক্ষ

$$= \begin{vmatrix} a & b & c \\ a^2 & b^2 & c^2 \\ b+c & c+a & a+b \end{vmatrix}$$

$$= \begin{vmatrix} a+b+c & a+b+c & a+b+c \\ a^2 & b^2 & c^2 \\ b+c & c+a & a+b \end{vmatrix}, r_1' = r_1 + r_3$$

$$=(a+b+cp)\begin{vmatrix} 1 & 1 & 1 \\ a^2 & b^2 & c^2 \\ b+c & c+a & a+b \end{vmatrix}$$

$$=(a+b+c)\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a^2-b^2 & b^2-c^2 & c^2 \\ b-a & c-b & a+b \end{vmatrix}, \begin{matrix} c_1' = c_1 - c_2 \\ c_2' = c_2 - c_3 \end{matrix}$$

$$=(a+b+c)(a-b)(b-c)\begin{vmatrix} 0 & 0 & 1 \\ a+b & b+c & c^2 \\ -1 & -1 & a+b \end{vmatrix}$$

$$=(a+b+c)(a-b)(b-c)(-a-b+b+c)$$

$$=(a+b+c)(a-b)(b-c)(c-a), (\mathrm{Pr}\,oved)$$

প্রশ্ন ২ ঃ প্রমাণ কর যে, $\begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & p & p^2 \\ 1 & p^2 & p^4 \end{vmatrix} = p(p-1)^2(p^2-1)$

সমাধান ঃ

বামপক্ষ

$$= \begin{vmatrix} 1 & 1 & 1 \\ 1 & p & p^2 \\ 1 & p^2 & p^4 \end{vmatrix}$$

$$= \begin{vmatrix} 0 & 0 & 1 \\ p-1 & p^2-p & p^2 \\ p^2-1 & p^4-p^2 & p^4 \end{vmatrix} \begin{matrix} c_1' = c_2 - c_1 \\ c_2' = c_3 - c_2 \end{matrix}$$

$$= \begin{vmatrix} 0 & 0 & 1 \\ p-1 & p(p-1) & p^2 \\ p^2-1 & p^2(p^2-1) & p^4 \end{vmatrix} \begin{array}{l} c_1' = c_2 - c_1 \\ c_2' = c_3 - c_2 \end{array}$$

$$= p(p-1)(p^2-1)\begin{vmatrix} 1 & 1 \\ 1 & p \end{vmatrix}$$

$$= p(p-1)(p^2-1)(p-1)$$

$$= p(p-1)^2(p^2-1), (proved)$$

নির্ণায়কের সাহায্যে সমাধান (Cramer`s Rule) ঃ

প্রশ্ন ৪০ ঃ $x-2y+z=1$

$$2x+y-z=1$$

$$x+y+z=4$$

সমাধান ঃ প্রদত্ত সমীকরণ হতে x, y ,z এর সহগগুলো দ্বারা গঠিত নির্ণায়ক

$$D=\begin{vmatrix} 1 & -2 & 1 \\ 2 & 1 & -1 \\ 1 & 1 & 1 \end{vmatrix}$$

$$=\begin{vmatrix} 1 & -2 & 1 \\ 2 & 1 & -1 \\ 1 & 1 & 1 \end{vmatrix}$$

$$=1(1+1)+2(2+1)+1(2-1)$$

$$=2+6+1$$

$$=9$$

$$D_x = \begin{vmatrix} 1 & -2 & 1 \\ 1 & 1 & -1 \\ 4 & 1 & 1 \end{vmatrix}$$

$$= 1(1+1) + 2(1+4) + 1(1-4)$$

$$= 2 + 10 - 3$$

$$= 9$$

$$D_y = \begin{vmatrix} 1 & 1 & 1 \\ 2 & 1 & -1 \\ 1 & 4 & 1 \end{vmatrix}$$

$$= 1(1+4) - 1(2+1) + 1(8-1)$$

$$= 5 - 3 + 7$$

$$= 9$$

$$D_z = \begin{vmatrix} 1 & -2 & 1 \\ 2 & 1 & 1 \\ 1 & 1 & 4 \end{vmatrix}$$

$$= 1(4-1) + 2(8-1) + 1(2-1)$$

$$= 3 + 14 + 1$$

$$= 18$$

$$x = \frac{D_x}{D} \qquad y = \frac{D_y}{D} \qquad z = \frac{D_z}{D}$$

$$\therefore x = \frac{9}{9} = 1 \qquad \therefore y = \frac{9}{9} = 1 \qquad \therefore z = \frac{18}{9} = 2$$

সুতরাং নির্ণেয় সমাধান X=1, y=1, z=2 (Ans)

২য় অধ্যায়

ম্যাট্রিক্স (Matrix)

* এই অধ্যায় থেকে আমরা জানতে পারব ঃ

২.০ ম্যাট্রিক্স এর সংজ্ঞা

২.১. ম্যাট্রিক্স এর প্রকারভেদ

২.২. বিপরীত ম্যাট্রিক্স

২.৩. ম্যাট্রিক্স এর গুণ

২.৪ ম্যাট্রিক্সের সাহায্যেএকঘাত সমীকরণ জোটের সমাধান

২.৫ ম্যাট্রিক্স এর মানাঙ্ক নির্ণয়।

ম্যাট্রিক্স(Matrix) ঃ কিছু নির্দিষ্ট গাণিতিক সংঘটন বা অপারেশন প্রক্রিয়া-
ধীন mn সংখ্যক সংখ্যাকে (কোন সংখ্যা একাধিকবারও থাকতে পারে) যদি তৃতীয় বন্ধনী বা প্রথম বন্ধনী বা দুই জোড়া সমান্তরাল সরল রেখার মধ্যবর্তী স্থানে m সংখ্যক সারি ও n সংখ্যক কলামের আয়তকার আকারে
সাজানো হয়, তবে তাকে mxn (m বাই n) ক্রমের ম্যাট্রিক্স বলে।
m সংখ্যক সারি ও n সংখ্যক কলাম বিশিষ্ট ম্যাট্রিক্সকে নিম্নরূপ-

$$A = \begin{bmatrix} a_{11} & a_{21} & a_{31} & \cdots\cdots & a_{n1} \\ a_{21} & a_{22} & a_{23} & \cdots\cdots & a_{n2} \\ a_{31} & a_{32} & a_{33} & \cdots\cdots & a_{n3} \\ \cdots\cdots & \cdots\cdots & \cdots\cdots & \cdots\cdots & \cdots\cdots \\ a_{m1} & a_{m2} & a_{m3} & \cdots\cdots & a_{mn} \end{bmatrix}$$

২.১ একক ম্যাট্রিক্স (Unit matrix)ঃ যে বর্গাকার ম্যাট্রিক্স এর প্রধান কর্ণের সকল উপাদান একক এবংঅবশিষ্ট সকল উপাদান শূন্য ,তাকে একক ম্যাট্রিক্স বা অভেদ ম্যাটিক্স (Identity matrix). যেমন,

$$I = \begin{bmatrix} 1 & 0 & 0 \\ 0 & 1 & 0 \\ 0 & 0 & 1 \end{bmatrix}$$

২.২ ট্রান্সপোজ বা পার্শ্বচর ম্যাট্রিক্স (Transpose matrix)ঃ

কোন ম্যাট্রিক্স এর সারিকে কলামে এবং কলামকে সারিতে বদল করে যে ম্যাট্রিক্স পাওয়া,তাকে আদি ম্যাট্রিক্স এর ট্রান্সপোজ বা পার্শ্বচর ম্যাটিক্স। যেমন,

$$A = \begin{bmatrix} 2 & 5 & 8 \\ 3 & 6 & 10 \\ 1 & 4 & 7 \end{bmatrix} \qquad \therefore A^T = \begin{bmatrix} 2 & 3 & 1 \\ 5 & 6 & 4 \\ 8 & 10 & 7 \end{bmatrix}$$

২.৩ ম্যাট্রিক্স এর মানাঙ্ক (Rank of matrix) ঃ কোন ম্যাট্রিক্স এর সর্বোচ্চ সংখ্যক স্বাধীন অশূন্য সারি সংখ্যা বা কলাম সংখ্যাকে ঐ ম্যাট্রিক্স এর মানাঙ্ক বলে। যেমন,

$$A=\begin{bmatrix}2 & 1 & 3\\ -1 & 1 & 0\\ 0 & 3 & 3\end{bmatrix}$$

$$=\begin{bmatrix}2 & 1 & 3\\ 0 & 3 & 3\\ 0 & 3 & 3\end{bmatrix}, r_2' = 2r_2 + r_1$$

$$=\begin{bmatrix}2 & 1 & 3\\ 0 & 3 & 3\\ 0 & 0 & 0\end{bmatrix}, r_3' = r_3 - r_2$$

Rank of matrix A is 2 (Ans).

সংক্ষিপ্ত ও রচনামূলক প্রশ্নাবলি

প্রশ্ন ২ ঃ যদি $A=\begin{bmatrix}0 & 1 & 2\\1 & 2 & 3\\2 & 3 & 4\end{bmatrix}$ $,B=\begin{bmatrix}1 & 2\\-1 & 1\\2 & 0\end{bmatrix}$ হয়, তবে AB ও BA নির্ণয় কর।

সমাধান ঃ AB= $\begin{bmatrix}0 & 1 & 2\\1 & 2 & 3\\2 & 3 & 4\end{bmatrix}\times\begin{bmatrix}1 & 2\\-1 & 1\\2 & 0\end{bmatrix}$

$$=\begin{bmatrix}0-1+4 & 0+1+0\\1-2+6 & 2+2+0\\2-3+8 & 4+3+0\end{bmatrix}$$

$$=\begin{bmatrix}3 & 1\\5 & 4\\7 & 7\end{bmatrix}$$

$$=(Ans)$$

BA= $\begin{bmatrix}1 & 2\\-1 & 1\\2 & 0\end{bmatrix}\times\begin{bmatrix}0 & 1 & 2\\1 & 2 & 3\\2 & 3 & 4\end{bmatrix}$

BA এর মান বের করা যাবে না। কারণ B এর কলাম সংখ্যা A এর সারি সংখ্যা

প্রশ্ন ১১ ঃ $A=\begin{bmatrix}1 & 2 & 3\\ 1 & 3 & 4\\ 1 & 4 & 3\end{bmatrix}$ এর অনুবন্ধী এবং বিপরীত ম্যাট্রিক্স নির্ণয় কর।

সমাধান ঃ $A=\begin{bmatrix}1 & 2 & 3\\ 1 & 3 & 4\\ 1 & 4 & 3\end{bmatrix}$

$$|A|=\begin{vmatrix}1 & 2 & 3\\ 1 & 3 & 4\\ 1 & 4 & 3\end{vmatrix}$$
$$=1(9-16)-2(3-4)+3(4-3)$$
$$=-7+2+3$$
$$=-2$$

$|A|$ উপাদানগুলির সহগুণক

$$A_{11}=\begin{vmatrix}3 & 4\\ 4 & 3\end{vmatrix}=9-16=-7,\quad A_{12}=-\begin{vmatrix}1 & 4\\ 1 & 3\end{vmatrix}=-(3-4)=1,\quad A_{13}=\begin{vmatrix}1 & 3\\ 1 & 4\end{vmatrix}=4-3=1$$

$$A_{21}=-\begin{vmatrix}2 & 3\\ 4 & 3\end{vmatrix}=-(6-12)=6,\quad A_{22}=\begin{vmatrix}1 & 3\\ 1 & 3\end{vmatrix}=(3-3)=0,\quad A_{23}=-\begin{vmatrix}1 & 2\\ 1 & 4\end{vmatrix}=-(4-2)=-2$$

$$A_{31}=\begin{vmatrix}2 & 3\\ 3 & 4\end{vmatrix}=(8-9)=-1,\quad A_{32}=-\begin{vmatrix}1 & 3\\ 1 & 4\end{vmatrix}=-(4-3)=-1,\quad A_{33}=\begin{vmatrix}1 & 2\\ 1 & 3\end{vmatrix}=3-2=1$$

$|A|$ উপাদানগুলির সহগুণক দ্বারা ম্যাট্রিক্স

$$B=\begin{bmatrix}-7 & 1 & 1\\ 6 & 0 & -2\\ -1 & -1 & 1\end{bmatrix}$$

$|A|$ এর অনুবন্ধী ম্যাট্রিক্স

$$B^T=\begin{bmatrix}-7 & 6 & -1\\ 1 & 0 & -1\\ 1 & -2 & 1\end{bmatrix}$$

A এর বিপরীত ম্যাট্রিক্স

$$A^{-1}=\frac{1}{|A|}\begin{bmatrix}-7 & 6 & -1\\ 1 & 0 & -1\\ 1 & -2 & 1\end{bmatrix}=\frac{1}{-2}\begin{bmatrix}-7 & 6 & -1\\ 1 & 0 & -1\\ 1 & -2 & 1\end{bmatrix}=\begin{bmatrix}\frac{7}{2} & -3 & \frac{1}{2}\\ \frac{-1}{2} & 0 & \frac{1}{2}\\ \frac{-1}{2} & 1 & \frac{-1}{2}\end{bmatrix}$$

(Ans)

* ম্যাট্রিক্স এর সাহায্যে সমাধান কর ঃ

২৮ (ii) $x+y+z=4$

$$2x-y+3z=1$$

$$3x+2y-z=1$$

সমাধান ঃ ম্যাট্রিক্স এর সাহায্যে প্রদত্ত তিনটি সমীকরণকে লেখা যায়

$$AX=L$$

$$\therefore X=A^{-1}L$$

এখানে $A=\begin{bmatrix}1 & 1 & 1\\ 2 & -1 & 3\\ 3 & 2 & -1\end{bmatrix}$ এবং $L=\begin{bmatrix}4\\ 1\\ 1\end{bmatrix}$

$$|A|=\begin{vmatrix}1 & 1 & 1\\ 2 & -1 & 3\\ 3 & 2 & -1\end{vmatrix}$$

$$=1(1-6)-1(-2-9)+1(4+3)$$

$$=-5+11+7$$

$$=13$$

A এর উপাদান গুলো সহগুণক

$$A_{11} = \begin{vmatrix} -1 & 3 \\ 2 & -1 \end{vmatrix}$$
$$= 1 - 6$$
$$= -5$$

$$A_{12} = -\begin{vmatrix} 2 & 3 \\ 3 & -1 \end{vmatrix}$$
$$= -(-2-9)$$
$$= 11$$

$$A_{13} = \begin{vmatrix} 2 & -1 \\ 3 & 2 \end{vmatrix}$$
$$= (4+3)$$
$$= 7$$

$$A_{21} = -\begin{vmatrix} 1 & 1 \\ 2 & -1 \end{vmatrix}$$
$$= -(-1-2)$$
$$= 3$$

$$A_{22} = \begin{vmatrix} 1 & 1 \\ 3 & -1 \end{vmatrix}$$
$$= (-1-3)$$
$$= -4$$

$$A_{23} = -\begin{vmatrix} 1 & 1 \\ 3 & 2 \end{vmatrix}$$
$$= -(2-3)$$
$$= 1$$

$$A_{31} = \begin{vmatrix} 1 & 1 \\ -1 & 3 \end{vmatrix}$$
$$= (3+1)$$
$$= 4$$

$$A_{32} = -\begin{vmatrix} 1 & 1 \\ 2 & 3 \end{vmatrix}$$
$$= -(3-2)$$
$$= -1$$

$$A_{33} = \begin{vmatrix} 1 & 1 \\ 2 & -1 \end{vmatrix}$$
$$= (-1-2)$$
$$= -3$$

A এর সহগুণক দ্বারা গঠিত ম্যাট্রিক্স

$$B = \begin{bmatrix} -5 & 11 & 7 \\ 3 & -4 & 1 \\ 4 & -1 & -3 \end{bmatrix}$$

A এর অনুবন্ধী ম্যাট্রিক্স =

$$AdjA = B^T = \begin{bmatrix} -5 & 3 & 4 \\ 11 & -4 & -1 \\ 7 & 1 & -3 \end{bmatrix}$$

$$\therefore A^{-1} = \frac{AdjA}{|A|}$$

$$= \frac{1}{3}\begin{bmatrix} -5 & 3 & 4 \\ 11 & -4 & -1 \\ 7 & 1 & -3 \end{bmatrix}$$

$$\therefore X = A^{-1}L$$

$$\begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix} = \frac{1}{13}\begin{bmatrix} -5 & 3 & 4 \\ 11 & -4 & -1 \\ 7 & 1 & -3 \end{bmatrix}\begin{bmatrix} 4 \\ 1 \\ 1 \end{bmatrix} = \frac{1}{13}\begin{bmatrix} -20+3+4 \\ 44-4-1 \\ 28+1-3 \end{bmatrix}$$

$$\begin{bmatrix} x \\ y \\ z \end{bmatrix} = \frac{1}{13}\begin{bmatrix} -13 \\ 39 \\ 26 \end{bmatrix} = \begin{bmatrix} -1 \\ 3 \\ 2 \end{bmatrix}$$

নির্ণেয় সমাধান x= -1, y=3 z= 2

প্রশ্নোত্তর

১. একক ম্যাট্রিক্স কাকে বলে ?

২. বিপরীত ম্যাট্রিক্স কাকে বলে ?

৩. অনুবন্ধী ম্যাট্রিক্স কাকে বলে ?

৪. ম্যাট্রিক্স এর মানাঙ্ক কি ?

** পরবর্তী ক্লাশে ৩য় অধ্যায়- “সূচক ধারা” আলোচনা করবো।

৩য় অধ্যায়

বহুপদী ও বহুপদী সমীকরণ ।

*এই অধ্যায় থেকে আমরা কি কি বিষয় শিখব ঃ

১। বহুপদী ও বহুপদী সমীকরণ ।

২। মূল/ বীজ কি ?

৩। দ্বিঘাত সমীকরণ কি?

৪ । দ্বিঘাত সমীকরণের মূল ও সহগের মধ্যে সম্পর্ক ।

৬ । দ্বিঘাত সমীকরণের মূলদ্বয় নির্ণয় ।

৫। নিশ্চায়ক (Discriminant) এবং মূলের প্রকৃতি ।

৭ । দ্বিঘাত সমীকরণের মূলদ্বয় দেয়া থাকলে সমীকরণ গঠন করার পদ্ধতি ।

***২.১ বহুপদী** ঃ আমরা জানি $ax, ax+b, 5x^2+3x+9, 2x^3-bx^2+5x-9$ ইত্যাদিকে যথাক্রমে একপদী, দ্বিপদী , ত্রিপদী, চতুর্থ পদী রাশি বলা হয়। এখানে রাশির পদগুলো (+) চিহ্ন অথবা (−) কিংবা উভয় চিহ্ন দ্বারা সংযোজিত । উপরের প্রত্যকটি রাশিকে সাধারণভাবে বহুপদী রাশি বলা হয়। পদে সংখ্যা অনুযায়ী তাকে একপদী, দ্বিপদী ইত্যাদি নামকরণ করা যেতে পারে। a ও b উভয় ধ্রুবক হলে , রাশিগুলো প্রত্যকটিকে x এর বহুপদী রাশি বলা হয়।

তাহলে

$p_0x^n+p_1x^{n-1}+p_2x^{n-2}+.............+p_n$ একটি বহুপদী রাশি।

$p_0, p_1, p_2, ...p_n$ ধ্রুবক হলে ,এটিকে x এর বহুপদী রাশি সংক্ষেপে বহুপদী বলা হয়। x এর সর্বোচ্চ ঘাত অনুযায়ী বহুপদীর ঘাত নির্ণয় করা হয়।

$p_0 \neq 0$ হলে প্রদত্ত বহুপদীতে x এর সর্বোচ্চ ঘাত n .সুতরাং

$p_0x^n+p_1x^{n-1}+p_2x^{n-2}+.............+p_n$ যেখানে $p_0, p_1, p_2, ...p_n$ ধ্রুবক এবং $p_0 \neq 0$, একটি n ঘাতবিশিষ্ট বহুপদী। এ বহুপদীকে সাধারণত $f(x), F(x), \varphi(x), \psi(x)$ ইত্যাদি দ্বারা সূচিত করা হয়।

*২.২.১ বহুপদী সমীকরণ ঃ

মনে করি, $f(x) = p_0x^n + p_1x^{n-1} + p_2x^{n-2} + ...+ p_n$

যেখানে $p_0, p_1, p_2..........p_n$ ধ্রুবক এবং $p_0 \neq 0$.

তাহলে, $f(x)=0$ অর্থাৎ $p_0x^n + p_1x^{n-1} + p_2x^{n-2} + ...+ p_n = 0$

কে একটি বহুপদী বহুপদী সমীকরণ বলা হয়। এ সমীকরণকে সাধারণত n ঘাতবিশিষ্ট সমীকরণ বলা হয়। n=1,2,3 হলে,সমীকরণটিকে যথাক্রমে সরল (linear),দ্বিঘাত(Quadratic),ত্রিঘাত(Cubic) সমীকরণ নামে অভিহিত করা হয় ।p_0, p_1, p_2 ইত্যাদি কে সমীকরণের বামপক্ষের ১ম,২য়,পদের সহগবলে।

*২.২.২ মূল(Roots) ঃ x এর যে মানগুলোর জন্য বহুপদী সমীকরণটি সিদ্ধ হয় অর্থাৎ বহুপদীর মান শূন্য হয় ঐ মানগুলোকে বহুপদী সমীকরণের মূল(Roots) বলা হয়।

সুতরাং , বহুপদী সমীকরণ $f(x)=0$ এর একটি মূল α_1 হলে, $f(\alpha_1)=0$

*২.৩ দ্বিঘাত সমীকরণের মূল ও সহগের মধ্যে সর্ম্পক ঃ

দ্বিঘাত সমীকরণ $ax^2+bx+c=0$ এর মূল দুইটি α ও β হলে প্রদত্ত সমীকরণের দুইটি উৎপাদক $(x-\alpha)$ ও $(x-\beta)$

$$\therefore x^2+\frac{b}{a}x+\frac{c}{a}=(x-\alpha)(x-\beta)$$

$$\Rightarrow x^2+\frac{b}{a}x+\frac{c}{a}=x^2-(\alpha+\beta)x+\alpha\beta$$

উভয় পক্ষ হতে x ও ধ্রুবক পদের সহগ সমীকৃত করে

$$-(\alpha+\beta)=\frac{b}{a}$$ এবং $$\alpha\beta=\frac{c}{a}$$

$$\Rightarrow (\alpha+\beta)=-\frac{b}{a}$$

$ax^2+bx+c=0$ সমীকরণের

মূলদ্বয়ের যোগফল $\alpha+\beta=\frac{-b}{a}$

এবং মূলদ্বয়ের গুণফল $\alpha\beta=\frac{c}{a}$

*২.৪ দ্বিঘাত সমীকরণের মূল নির্ণয় ঃ

$$ax^2 + bx + c = 0$$

$$\Rightarrow a\left(x^2 + \frac{b}{a}x\right) + c = 0$$

$$\Rightarrow a\left(x^2 + 2\frac{b}{2a}x + \frac{b^2}{4a^2}\right) = \frac{b^2}{4a} - c$$

$$\Rightarrow a\left(x + \frac{b}{2a}\right)^2 = \frac{b^2 - 4ca}{4a}$$

$$\Rightarrow \left(x + \frac{b}{2a}\right)^2 = \frac{b^2 - 4ca}{4a^2}$$

$$\Rightarrow \left(x + \frac{b}{2a}\right) = \pm\frac{\sqrt{b^2 - 4ca}}{2a}$$

$$\Rightarrow x = -\frac{b}{2a} \pm \frac{\sqrt{b^2 - 4ca}}{2a}$$

$$\therefore x = \frac{-b \pm \sqrt{b^2 - 4ca}}{2a}$$

সমীকরণের মূলদ্বয় $\dfrac{-b + \sqrt{b^2 - 4ca}}{2a}$ এবং $\dfrac{-b - \sqrt{b^2 - 4ca}}{2a}$

*২.৫ দ্বিঘাত সমীকরণের মূলের প্রকৃতি নির্ণয় ঃ

মনে করি $ax^2+bx+c=0$ একটি দ্বিঘাত সমীকরণ,
যেখানে $a\neq 0$ এবং a, b, c প্রত্যেকে মূলদ সংখ্যা।
আমরা জানি, প্রদ্বত্ত সমীকরণের মূল দুইটি যথাক্রমে

$$\frac{-b+\sqrt{b^2-4ca}}{2a} \quad \text{এবং} \quad \frac{-b-\sqrt{b^2-4ca}}{2a}$$

এখন b^2-4ca এর মান পর্যালোচনা করলেই দ্বিঘাত সমীকরণের মূল দুইটির প্রকৃতি জানতে পারা যায়।

এজন্য b^2-4ca কে সাধারণত প্রদত্ত সমীকরণের নিশ্চায়ক (Discriminant) বলা হয়।

দ্বিঘাত সমীকরণের মূলের প্রকৃতি ঃ

(i). যদি $b^2 - 4ca = 0$ হয়,তবে মূল দুইটি $\frac{-b}{2a}$ ও $\frac{-b}{2a}$ । অতএব মূল দুইটি পরস্পর সমান, বাস্তব সংখ্যা ও মূলদ হবে।

(ii). $(b^2 - 4ca)$ ধনাত্মক অর্থাৎ $b^2 - 4ca \geq 0$ হলে, $\sqrt{b^2 - 4ca}$ বাস্তব সংখ্যা হবে। মূল দুইটি বাস্তব সংখ্যা ও অসমান হবে।

(iii). $(b^2 - 4ca)$ পূর্ণবর্গ হলে, মূল দুইটি বাস্তব সংখ্যা,মূলদ ও অসমান হবে। যদি $(b^2 - 4ca)$ পূর্ণবর্গ না হয়, তবে মূল দুইটি বাস্তব সংখ্যা, অমূলদ ও অসমান হবে।

(iv). একটি মূল অমূলদ সংখ্যা হলে, অপর মূলটি অনুবন্ধী (Conjugate) অমূলদ সংখ্যা হবে।অর্থাৎ একটি মূল $p+\sqrt{q}$ আকারে হলে, অপর মূলটি হবে $p-\sqrt{q}$

(v). যদি (b^2-4ca) ঋনাত্মক অর্থাৎ $b^2-4ca \leq 0$ হয়, তবে মূল দুইটির উভয়ে জটিল সংখ্যা(Complex number) হবে।একটি মূল $n+ir$ হলে, অপরটি $n-ir$ আকারে হবে।

(vi). প্রদত্ত সমীকরণে c =0 হলে, একটি মূল ০ (শূন্য)।

(vii). প্রদত্ত সমীকরণে b =0 হলে, মূল দুইটি সমান কিন্তু বিপরীত চিহ্নযুক্ত হবে।

সংক্ষিপ্ত ২(i) k এর মান কত হলে $(k-1)x^2-(k+2)x+4=0$ সমীকরণের মূলদুটি বাস্তব ও সমান হবে?

সমাধানঃ $(k-1)x^2-(k+2)x+4=0$

সমীকরণের মূলদুটি বাস্তব ও সমান হলে

নিশ্চায়ক $(k+2)^2-4.4(k-1)=0$

$$k^2+4k+4-16k+16=0$$

$$k^2-12k+20=0$$

$$k^2-10k-2k+20=0$$

$$k(k-10)-2(k-10)=0$$

$$(k-10)(k-2)=0$$

$k-10=0$ অথবা $k-2=0$

$k=10$ $\qquad$ $k=2$

সুতরাং নির্ণেয় k এর মান 2 বা 10.

সংক্ষিপ্ত ৪. যদি $ax^2+bx+c=0$ সমীকরণের একটি মূল অপরটির উল্টার বর্গ হয়, তবে প্রমাণ কর যে, $a^3+c^3+abc=0$

সমাধানঃ ধরি $ax^2+bx+c=0$

সমীকরণের একটি মূল α

অপর মূল $\frac{1}{\alpha^2}$

সমীকরণের মূলদ্বয়ের যোগফল $\alpha+\frac{1}{\alpha^2}=-\frac{b}{a}....(i)$

মূলদ্বয়ের গুণফল $\alpha.\frac{1}{\alpha^2}=\frac{c}{a}$

$$\frac{1}{\alpha}=\frac{c}{a}$$

$$\therefore \alpha=\frac{a}{c}$$

(i) সমীকরণে $\alpha=\frac{a}{c}$ বসাই

$$\alpha+\frac{1}{\alpha^2}=-\frac{b}{a}$$

$$\frac{a}{c}+\frac{c^2}{a^2}=-\frac{b}{a}$$

$$a^3+c^3=-abc$$

$$\therefore a^3+c^3+abc=0$$ (প্রমাণিত)

সংক্ষিপ্ত ৫. যদি $x^2 - 5x + c = 0$ সমীকরণের একটি মূল 4 হয়, তাহলে c এর মান এবং অপর মূল নির্ণয় কর।

সমাধানঃ $x^2 - 5x + c = 0.....(i)$

সমীকরণের একটি মূল x=4

(i) সমীকরণের x = 4 বসাই

$$4^2 - 5.4 + c = 0$$

$$\therefore c = 4$$

(i) সমীকরণের c = 4 বসাই

$$x^2 - 5x + 4 = 0$$

$$x^2 - 4x - x + 4 = 0$$

$$(x-4)(x-1) = 0$$

$$x - 1 = 0$$

$\therefore x = 1$ অথবা $x = 4$

সমীকরণের অপর মূল x=1 এবং c=4 (Ans)

সংক্ষিপ্ত ৯. $x^2+bx+c=0$ সমীকরণের মূলদ্বয়ের সমষ্টি অন্তরফলের তিনগুণ হলে প্রমাণ কর যে $2b^2=9c$

সমাধান ঃ ধরি $x^2+bx+c=0$

সমীকরণের মূলদ্বয় α ও β

মূলদ্বয়ের যোগফল $\alpha+\beta=-b$

এবং গুণফল $\alpha\beta=c$

প্রশ্নমতে $\alpha+\beta=3(\alpha-\beta)$

$$(\alpha+\beta)^2=9(\alpha-\beta)^2$$

$$(\alpha+\beta)^2=9\{(\alpha+\beta)^2-4\alpha\beta\}$$

$$b^2=9b^2-36c$$

$$8b^2=36c$$

$$2b^2=9c$$ (প্রমাণিত)

রচনা ৩. $bx^2+cx+c=0$ সমীকরণের মূলদুটি α ও β হলে দেখাও যে

$$\sqrt{\alpha/\beta}+\sqrt{\beta/\alpha}+\sqrt{c/b}=0$$

সমাধান ঃ ধরি $bx^2+cx+c=0$

সমীকরণের মূলদ্বয় α ও β

মূলদ্বয়ের যোগফল $\alpha+\beta=-\dfrac{c}{b}$

এবং গুণফল $\alpha\beta=\dfrac{c}{b}$

বামপক্ষ $=\sqrt{\alpha/\beta}+\sqrt{\beta/\alpha}+\sqrt{c/b}$

$$=\frac{\sqrt{\alpha}}{\sqrt{\beta}}+\frac{\sqrt{\beta}}{\sqrt{\alpha}}+\sqrt{c/b}$$

$$=\frac{\alpha+\beta}{\sqrt{\alpha\beta}}+\sqrt{c/b}$$

$$=\frac{-\frac{c}{b}}{\sqrt{c/b}}+\sqrt{c/b}$$

$$=-\sqrt{c/b}+\sqrt{c/b}=0$$ (প্রমাণিত)

$$\frac{-\frac{c}{b}}{\sqrt{\frac{c}{b}}}$$

$$=\frac{-\sqrt{\frac{c}{b}}\sqrt{\frac{c}{b}}}{\sqrt{\frac{c}{b}}}$$

$$=\sqrt{\frac{c}{b}}$$

রচনা ৫(i). যদি $ax^2+bx+c=0$ সমীকরণের একটি মূল অপরটির বর্গ হয়, তবে প্রমাণ কর যে, $a^2c+ac^2+b^3=abc$

সমাধানঃ ধরি $ax^2+bx+c=0$

সমীকরণের একটি মূল α

অপর মূল α^2

সমীকরণের মূলদ্বয়ের যোগফল $\alpha+\alpha^2=-\dfrac{b}{a}....(i)$

মূলদ্বয়ের গুণফল $\alpha.\alpha^2=\dfrac{c}{a}$

$$\therefore \alpha^3=\frac{c}{a}$$

(i) সমীকরণকে ঘন করে বসাই

$$(\alpha+\alpha^2)^3=-\frac{b^3}{a^3}$$

$$\alpha^3+3\alpha^3(\alpha+\alpha^2)+(\alpha^3)^2=-\frac{b^3}{a^3}$$

$$\frac{c}{a}-3\frac{bc}{a^2}+\frac{c^2}{a^2}=-\frac{b^3}{a^3}$$

$$a^2c-3abc+bc^2=-b^3$$

$$\therefore a^2c+bc^2+b^3=3abc$$ (প্রমাণিত)

রচনা ১০. $4x^2-6x+1=0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে, $\alpha+\frac{1}{\beta}$ ও $\beta+\frac{1}{\alpha}$ মূলবিশিষ্ট সমীকরণ নির্ণয় কর।

সমাধানঃ $4x^2-6x+1=0$

প্রদত্ত সমীকরণের মূলদ্বয় α ও β

সমীকরণের মূলদ্বয়ের যোগফল $=\alpha+\beta=\frac{6}{4}$

মূলদ্বয়ের গুণফল $=\alpha\beta=\frac{1}{4}$

নির্ণেয় সমীকরণের মূলদ্বয় $\alpha+\frac{1}{\beta}$ ও $\beta+\frac{1}{\alpha}$

নির্ণেয় সমীকরণের মূলদ্বয়ের যোগফল $=\alpha+\frac{1}{\beta}+\beta+\frac{1}{\alpha}=\alpha+\beta+\frac{1}{\beta}+\frac{1}{\alpha}$

$$=(\alpha+\beta)+\frac{\alpha+\beta}{\alpha\beta}=\frac{6}{4}+\frac{6/4}{1/4}=\frac{3}{2}+6=\frac{15}{2}$$

মূলদ্বয়ের গুণফল $\left(\alpha+\frac{1}{\beta}\right)\left(\beta+\frac{1}{\alpha}\right)=\alpha\beta+1+1+\frac{1}{\alpha\beta}$

$$=\frac{1}{4}+2+4=\frac{25}{4}$$

নির্ণেয় সমীকরণ = x^2 -(মূলদ্বয়ের যোগফল)x + মূলদ্বয়ের গুণফল = ০

$$x^2-\frac{15}{2}x+\frac{25}{4}=0$$

$$4x^2-30x+25=0$$ (Ans)

রচনা ৩৮ . $ax^2+bx+c=0$ সমীকরণের মূলদ্বয় α ও β হলে, $\alpha+\frac{1}{\beta}$ ও $\beta+\frac{1}{\alpha}$ মূলবিশিষ্ট সমীকরণ নির্ণয় কর।

সমাধানঃ $ax^2+bx+c=0$

সমীকরণের মূলদ্বয় α ও β

সমীকরণের মূলদ্বয়ের যোগফল $=\alpha+\beta=-\frac{b}{a}$

মূলদ্বয়ের গুণফল $=\alpha\beta=\frac{c}{a}$

নির্ণেয় সমীকরণের মূলদ্বয় $\alpha+\frac{1}{\beta}$ ও $\beta+\frac{1}{\alpha}$

নির্ণেয় সমীকরণের মূলদ্বয়ের যোগফল $=\alpha+\frac{1}{\beta}+\beta+\frac{1}{\alpha}=\alpha+\beta+\frac{1}{\beta}+\frac{1}{\alpha}$

$$=(\alpha+\beta)+\frac{\alpha+\beta}{\alpha\beta}=-\frac{b}{a}+\frac{-\frac{b}{a}}{\frac{c}{a}}=-\frac{b}{a}-\frac{b}{c}=-b\left(\frac{1}{a}+\frac{1}{c}\right)=-b\left(\frac{c+a}{ca}\right)$$

মূলদ্বয়ের গুণফল $=\left(\alpha+\frac{1}{\beta}\right)\left(\beta+\frac{1}{\alpha}\right)$

$$=\alpha\beta+1+1+\frac{1}{\alpha\beta}$$

$$=\frac{c}{a}+2+\frac{a}{c}=\frac{c^2+2ca+a^2}{ca}=\frac{(c+a)^2}{ca}$$

নির্ণেয় সমীকরণ = x^2 -(মূলদ্বয়ের যোগফল)x + মূলদ্বয়ের গুণফল = ০

$$x^2+\frac{b(c+a)}{ca}x+\frac{(c+a)^2}{ca}=0$$

$$cax^2+b(c+a)x+(c+a)^2=0$$ (Ans)

আলোচ্য পাঠ থেকে শিক্ষার্থীরা নিম্নলিখিত বিষয়গুলো সম্পর্কে বিস্তারিত জানতে পারবে এবং গাণিতিক জ্ঞান সমৃদ্ধি হইবে –

১। বহুপদী ও বহুপদী সমীকরণ ।

২। দ্বিঘাত সমীকরণ

২। সমীকরণের মূল/ বীজ

৪। দ্বিঘাত সমীকরণের মূল ও সহগের মধ্যে সম্পর্ক ।

৬। দ্বিঘাত সমীকরণের মূলদ্বয় নির্ণয় ।

৫। নিশ্চায়ক (Discriminant) এবং মূলের প্রকৃতি।

৭। দ্বিঘাত সমীকরণের মূলদ্বয় দেয়া থাকলে সমীকরণ গঠন করার পদ্ধতি।

* প্রশ্নোত্তর

* একটি দ্বিঘাত সমীকরণের উদাহরণ দাও।

* একটি 3, -5 মূল বিশিষ্ট দ্বিঘাত সমীকরণটি লেখ।

* দ্বিঘাত সমীকরণের নিশ্চায়ক (Discriminant) লেখ।

* দ্বিঘাত সমীকরণের মূলে প্রকৃতি কিসের ওপর নির্ভর করে।

* $4x^2+2x-1=0$ সমীকরণের মূলদ্বয়ের প্রকৃতি নির্ণয় কর।

* কি শর্তে $ax^2+bx+c=0$ সমীকরণের মূলদ্বয় সমান হবে এবং সমান মূল দুটি লেখ ?

* একটি দ্বিঘাত সমীকরণের মূলগুলো কি কি।

** আগামী ক্লাশে আমরা অধ্যায়-৩, ‘‘জটিল সংখ্যা’’ আলোচনা করব

ধন্যবাদ

জটিল সংখ্যা

(Complex Numbers)

৩.১. জটিল সংখ্যার ধারণা ঃ যদি x বাস্তব সংখ্যা হয় তবে $x^2-1=0$ সমাধান করে আমরা পাই x= 1, -1 (1 এবং -1 এর উভয়ে বাস্তব সংখ্যা)।

এখন মনে করি $x^2+1=0$

$x^2+1=0$ থেকে আমরা পাই $x^2=-1$. এমন কোন বাস্তব সংখ্যা নেই যার বর্গ ঋণাত্মক হয়। অর্থাৎ x বাস্তব সংখ্যা হলে, $x^2+1=0$ সমীকরণটির সমাধান করা যায় না। এজন্যই নতুন এক ধরণের সংখ্যার প্রবর্তন করা হয়েছে যেন সমীকরণটির সমাধান করা যায়। ঐ ধরণের সংখ্যাকে বলা হয় জটিল সংখ্যা (Complex Numbers). এজন্য একটি প্রতীক(Symbol), i ব্যবহার করা হয় যেন

$i^2=-1$, অর্থাৎ $i=\sqrt{-1}$

এখন $i=\sqrt{-1}$ ব্যবহার করে আমরা যে কোন জটিল সংখ্যা লেখতে পারি যেমন, $\sqrt{-4}=\sqrt{(-1)4}=2\sqrt{-1}=2\sqrt{i^2}=2i, \sqrt{-b}=\sqrt{b}i$ ইত্যাদি।

সুতরাং $x^2+1=0$ সমীকরণ করে আমরা পাই $x=\pm\sqrt{-1}$ বা, $x=\pm i$.

জটিল সংখ্যার ঃ a এবং b বাস্তব সংখ্যা হলে, a+ib আকারের সংখ্যাকে বলা হয় জটিল সংখ্যা (Complex Numbers). এখানে a এবং b যথাক্রমে জটিল সংখ্যার বাস্তব(Real) অংশ এবং কাল্পনিক(Imaginary) অংশ।

৩.২. আর্গন্ড চিত্র ঃ জ্যামিতিক পদ্ধতিতে জটিল সংখ্যাকে ব্যাখ্যা করা যায়। এজন্য যে চিত্র ব্যবহার করা হয় তা হল আর্গন্ড চিত্র। নিচে আর্গন্ড চিত্র এঁকে তার বর্ণনা দেওয়া হলঃ



মনে করি, X'OX এবং YOY' আয়ত-কৌণিক অক্ষদ্বয়(Rectangular axes) এবং P একটি বিন্দু যার স্থানাংক (x,y) . এখন X কে বাস্তব অক্ষ এবং Y কে কাল্পনিক অক্ষ ধরা হলে P একটি জটিল সংখ্যা, $x+iy$ সূচিত করবে।

যে জটিল সংখ্যা সম্পূর্নভাবে বাস্তব, তা X অক্ষের উপরস্থ বিন্দু দ্বারা নির্দেশিত হবে। আবার জটিল সংখ্যা সম্পূর্নভাবে কাল্পনিক হলে তা Y অক্ষের উপরস্থ বিন্দু দ্বারা নির্দেশিত হবে। মূলবিন্দু অবশ্যই
০ (শূন্য) নির্দেশ করে।

৩.৩.জটিল সংখ্যার মডুলাস ও আর্গুমেন্ট(Modulus & Argument) ঃ আর্গন্ড চিত্রে যদি OP= r এবং $\angle XOP=\theta$ ধরি, তবে r কে বলা হয় $x+iy\equiv z$ এর মডুলাস এবং লেখা হয় $|z|$. θ কে বলা হয় z এর আর্গুমেন্ট এবং লেখা হয় আর্গ z (arg).

তাহলে $x+iy$ একটি, জটিল সংখ্যা সূচিত করলে মডুলাস $r=\sqrt{x^2+y^2}$ এবং সংখ্যাটির আর্গুমেন্ট θ= $\tan^{-1}\frac{y}{x}$.

মন্তব্য ঃ আর্গুমেন্ট অর্থাৎ θ কে সাধারণত রেডিয়ানে প্রকাশ করা।

৩.৪. অনুবন্ধী জটিল সংখ্যা (Conjugate Complex Number) ঃ x+iy এবং x-iy জটিল সংখ্যা দুইটির পার্থক্য কেবল তাদের কাল্পনিক অংশের চিহ্নে। এরুপ দুইটি জটিল সংখ্যাকে অনুবন্ধী জটিল সংখ্যা বলে।

এখানে x+iy এর অনুবন্ধীকে x-iy দ্বারা সূচিত করা হয়। আবার বিপরীতক্রমে x-iy এর অনুবন্ধীকে x+iy দ্বারা সূচিত করা হয়।

অনুবন্ধী জটিল সংখ্যাদ্বয়কে z ও $\bar{z}$ দ্বারা প্রকাশ করা হয়।

z=x+iy হলে $\bar{z}=\overline{x+iy}=x-iy$

আবার, z=x-iy হলে $\bar{z}=\overline{x-iy}=x+iy$

৩.৫. জটিল সংখ্যা সমতা ঃ দুইটি জটিল সংখ্যা পরস্পর সমান হবে, যদি এবং কেবল যদি একটি বাস্তব ও কাল্পনিক অংশ যথাক্রমে অপরটির বাস্তব ও কাল্পনিক অংশের সমান হয়।

মনে করি, a+ib এবং c+id দুইটি জটিল সংখ্যা। আর্গন্ডচিত্রের সমতলের যে বিন্দুর সাথে a+ib সংশ্লিষ্ট, ঐ বিন্দুর স্থানাংক (a,b)। আবার আর্গন্ড চিত্রের সমতলে যে বিন্দুর সাথে c+id সংশ্লিষ্ট ঐ বিন্দুর স্থানাংক (c,d)। তাহলে, a+ib এবং c+id সমান হবে, যদি (a,b) এবং (c,d) দ্বারা একই বিন্দু নির্দেশ করে, অর্থাৎ a=c এবং b=d হয়।

৩.৬. জটিল সংখ্যার যোগ, বিয়োগ, গুন ও ভাগ ঃ

জটিল সংখ্যার যোগ	দুইটি জটিল সংখ্যার (a+ib) ও (c+id) হলে (a+ib) +(c+id) = (a+c)+i(b+d)। দুইটি জটিল সংখ্যার যোগফল = এদের বাস্তব অংশের যোগফল +i (এদের কাল্পনিক অংশের যোগফল)।
জটিল সংখ্যার বিয়োগ	দুইটি জটিল সংখ্যার (a+ib) ও (c+id) হলে (a+ib) - (c+id) = (a-c)+i(b-d)। দুইটি জটিল সংখ্যার বিয়োগফল = এদের বাস্তব অংশের বিয়োগফল+i (এদের কাল্পনিক অংশের বিয়োগফল)।
জটিল সংখ্যার গুণফল	(a+ib).(c+id)=ac+iad+ibc+ i^2bd = ac-bd+I(ad+bc)
জটিল সংখ্যার ভাগফল	$\frac{a+ib}{c+id}=\frac{(a+ib)(c-id)}{(c+id)(c-id)}=\frac{ac+ibc-iad-i^2bd}{c^2-i^2d^2}=\frac{ac+bd+i(bc-ad)}{c^2+d^2}=\frac{ac+bd}{c^2+d^2}+i\frac{(bc-ad)}{c^2+d^2}$

৩.৭. জটিল সংখ্যার বর্গমূল (Square root of Complex Number) ঃ

মনে করি, a+ib বর্গমূল নির্ণয় করতে হবে।

আমরা জানি, জটিল সংখ্যার বর্গমূল একটি জটিল সংখ্যা।

ধরি, $\sqrt{a+ib} = x+iy$ যেখানে x ,y উভয়ে বাস্তব সংখ্যা।

উভয় পক্ষকে বর্গ করে

$$a+ib = x^2 - y^2 + 2ixy$$

উভয় পক্ষ হতে বাস্তব ও কাল্পনিক অংশ সমীকৃত করে

$$a = x^2 - y^2 ....(i)$$

$$b = 2xy......(ii)$$

$$\left(x^2+y^2\right)^2 = \left(x^2-y^2\right)^2 + 4xy = a^2+b^2$$

$$\therefore x^2+y^2 = \sqrt{a^2+b^2} ......(iii)$$

এখন, (i) ও (ii) হতে আমরা পাই

$$x^2 = \frac{1}{2}\left(a^2+\sqrt{a^2+b^2}\right) \quad \text{এবং} \quad y^2 = \frac{1}{2}\left(-a^2+\sqrt{a^2+b^2}\right)$$

(ii) থেকে আমরা বলতে পারি b ধনাত্মক হলে, x ও y একই চিহ্নযুক্ত হবে। ঐক্ষেত্রে

$$\sqrt{a+ib} = \pm\frac{1}{\sqrt{2}}\left\{\left(a+\sqrt{a^2+b^2}\right)^{\frac{1}{2}} + i\left(-a+\sqrt{a^2+b^2}\right)^{\frac{1}{2}}\right\}$$

b ঋনাত্মক হলে, x ও y বিপরীত চিহ্নযুক্ত হবে। ঐক্ষেত্রে

$$\sqrt{a+ib} = \pm\frac{1}{\sqrt{2}}\left\{\left(a+\sqrt{a^2+b^2}\right)^{\frac{1}{2}} - i\left(-a+\sqrt{a^2+b^2}\right)^{\frac{1}{2}}\right\}$$

৩.৮. এককের ঘনমূল (Cube Root of Unity) ঃ

মনে করি, $\sqrt[3]{1} = x$

$\therefore x^3 = 1$

বা $x^3 - 1 = 0$

বা $(x-1)(x^2+x+1) = 0$

$\therefore x - 1 = 0$

$x = 1$

অথবা $(x^2+x+1) = 0$

$$x = \frac{-1 \pm \sqrt{1-4}}{2}$$

$$x = \frac{-1 \pm \sqrt{-3}}{2} = \frac{1}{2}\left(-1 \pm \sqrt{3}i\right)$$

সুতরাং, এককের ঘনমূল হল $1, \frac{1}{2}\left(-1+\sqrt{3}i\right)$ এবং $\frac{1}{2}\left(-1-\sqrt{3}i\right)$

অর্থাৎ, মূলগুলো একটি বাস্তব সংখ্যা এবং অপর দুইটির উভয়ে জটিল সংখ্যা। আবার জটিল সংখ্যা দুইটি পরস্পরের অনুবন্ধী।

এককের ঘনমূলগুলোর বৈশিষ্ট্য (Propeties Cube Root of Unity) ঃ

বৈশিষ্ট্য 1. জটিল মূলদ্বয়ের একটিকে ω দ্বারা সূচিত করা হল। তাহলে, $\omega = \frac{1}{2}\left(-1+\sqrt{3}i\right)$

$$\omega^2 = \frac{1}{4}\left(-1+\sqrt{3}i\right)^2 = \frac{1}{4}\left(1-2\sqrt{3}i-3\right) = \frac{1}{4}\left(-2-2\sqrt{3}i\right) = \frac{1}{2}\left(-1-\sqrt{3}i\right)$$

অনুরূপভাবে, $\omega = \frac{1}{2}\left(-1-\sqrt{3}i\right)$ হলে $\omega^2 == \frac{1}{2}\left(-1-\sqrt{3}i\right)$

অর্থাৎ, জটিলমূলদ্বয়ের একটি ω হলে অপরটি ω^2 .

সুতরাং এককের ঘনমূলগুলোর মধ্যে জটিল মূলদ্বয়ের একটি হলে অপরটির বর্গের সমান।

বৈশিষ্ট্য 2. মনে করি, ω হল এককের একটি জটিল ঘনমূল। তাহলে, $x^3-1=0$ সমীকরণকে ω সিদ্ধ করবে। অতএব, $\omega^3-1=0$ অর্থাৎ $\omega^3=1$. আবার $\omega^3=1$ বা $\omega.\omega^2=1$

$\therefore \omega=\dfrac{1}{\omega^2}......(i)$ যেহেতু ω এবং ω^2 উভয়ে এককের ঘনমূলগুলোর মধ্যে জটিল মূলদ্বয়,

সুতরাং (i) থেকে বলা যায় জটিল মূলদ্বয়ের একটি অপরটির উল্টা (Reciprocal).

বৈশিষ্ট্য 3. যেহেতু, $x^2+x+1=0$ সমীকরণের একটি মূল ω. $\therefore \omega^2+\omega+1=0$ ...(ii).

যেহেতু এককের ঘনমূলগুলো 1, ω , ω^2 দ্বারা সূচিত করা হয়েছে, সুতরাং (ii) থেকে বলতে পারি এককের ঘনমূলগুলো সমষ্টি শূন্য।

৩.৯. জটিল সংখ্যার ধর্মাবলি (Properties of Complex Number)ঃ

ক. যদি a+ib=0 হয়, তবে a=0 , b=0

খ. যদি a+ib=c+id হয়, তবে a=c , b=d

সংক্ষিপ্ত ও রচনামূলক প্রশ্নাবলি

প্রশ্ন ২ ঃ পরমমান এবং আর্গুমেন্ট নির্ণয় কর (ii) 3-5i

সমা ঃ 3-5i এর পরমমান $|3-5i| = \sqrt{3^2+(-5)^2} = \sqrt{9+25} = \sqrt{34}\,(Ans)$

3-5i এর আর্গুমেন্ট $\tan\theta = \frac{3}{-5} \therefore \theta = \tan^{-1}\left(-\frac{3}{5}\right)(Ans)$

প্রশ্ন ৩ ঃ বর্গমূল নির্ণয় কর (ii) 2i ,(iii) i , (viii) 3+4i

